

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০১.২০.৬৮১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত সকল হজ এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্যাবধি রাজকীয় সৌদি সরকারের সাথে বাংলাদেশ সরকারের ১৪৪২ হিজরি/২০২১ খ্রি. সালের পবিত্র হজ সংক্রান্ত বিষয়ে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদিত হয়নি। তথাপি ১৪৪২ হিজরি/২০২১ খ্রি. সালের পবিত্র হজ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সময়মত পরিচালনার সুবিধার্থে যোগ্য হজ এজেন্সির তালিকা প্রকাশ করা প্রয়োজন। যে সব হজ এজেন্সি ১৪৪২ হিজরি/২০২১ খ্রি. সালের হজ কার্যক্রম পরিচালনায় আগ্রহী সেসব এজেন্সিকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ১৪.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় {দু: আ: যুগ্মসচিব (হজ)} বরাবর স্ব-স্ব এজেন্সীর নিজস্ব প্যাডে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো:

- (ক) ৩০.০৯.২০২১ খ্রি. পর্যন্ত নবায়নকৃত ট্রাভেল লাইসেন্সের ফটোকপি;
- (খ) ২০১৯-২০/২০২০-২০২১ অর্থ বছরের ট্রেড লাইসেন্সের ফটোকপি;
- (গ) ২০১৯-২০/২০২০-২০২১ অর্থ বছরের পরিশোধিত আয়কর সনদের ফটোকপি;
- (ঘ) ৩১.১২.২০২১ খ্রি. পর্যন্ত হজ লাইসেন্সের ফটোকপি;
- (ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি;
- (চ) এজেন্সি কর্তৃক (প্রযোজ্য ক্ষেত্রে) ২০১২-১৫ সময়ের লাইসেন্স নবায়নের ফি (৬০,০০০/-) এর বকেয়া ভ্যাট ৯,০০০/- (নয় হাজার) টাকা ইতোপূর্বে জমা প্রদান না করা হলে উহা কোড নং-১-১১৩৩-০০১০-০৩১১ এ জমা প্রদান এবং;
- (ছ) বিগত ৩ বছরের (২০১৭-২০১৯) হজ এজেন্সীর হালনাগাদ তথ্য;
- (জ) Hajj Management & Information System (HMIS) সিস্টেমে Submit কৃত ফরম-২৫ এর পুনরকৃত সফট কপি।

০২। উল্লেখ্য কোন প্রতিষ্ঠানের নবায়ন প্রয়োজন হলে হজ লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ন্যূনতম ০৩(তিন) মাস পূর্বে নবায়নের জন্য নির্ধারিত চালানের মূলকপিসহ অন্যান্য কাগজপত্র সংযুক্ত করে আবেদন করতে হবে। আবেদনকারীকে অবশ্যই তাঁর স্বাক্ষরের সাথে নামের সীল ব্যবহার করতে হবে।

০৩। যে সব এজেন্সির বিরুদ্ধে শাস্তি আরোপিত এবং মামলা চলমান রয়েছে, সে সব এজেন্সির আবেদন করার প্রয়োজন নেই।



এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)

ফোন: ৯৫৮৪৩২২


e-mail:morahajsection@gmail.com

স্মারক নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০০১.২০.৬৮০

তারিখ: ১৫.১২.২০২০ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)